

ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৩। ঠেস বা হেলান দিয়ে খাওয়া অপছন্দনীয় কাজ

মহানবী (ﷺ) বলেন, “আমি হেলান দিয়ে খাই না।”[1] তিনি হেলান দিয়ে খেতে নিষেধও করেছেন। তিনি (ﷺ) বলেন- لَا تَأْكُلْ مُتَكَبِّئًا “হেলান দিয়ে খেয়ো না”[2] যেভাবে খেলে হেলান দিয়ে খাওয়া হয়, সেইভাবে খাওয়া মকরুহ। দেওয়াল বা চেয়ারের সাথে পিঠের অথবা মাটির সাথে বাম হাতের হেলান দিয়ে খাওয়া অপছন্দনীয়। যেহেতু অনুরূপ বসা বিনয়ীদের লক্ষণ নয় এবং হেলান দিয়ে খেলে বেশী খাওয়া হয়। আর বেশী খাওয়া ইসলামে বাঞ্ছনীয় নয়। উবুড় হয়ে শুয়ে খাওয়া নিষেধ। রসূল (ﷺ) বলেন

وَأَنْ يَأْكُلَ الرَّجُلُ وَهُوَ مُنْبَطِحٌ عَلَى بَطْنِهِ

“কোন ব্যক্তি যেন উবুর হয়ে পেটের উপর ভর করে না খায়”[3] সুতরাং খেতে বসার সঠিক ও সুন্নাতী বৈঠক হল নিম্নরূপঃ

(ক) দুই হাঁটু ও পায়ের পাতার উপর (নামায পড়ার মত) বসা। অনুরূপ খেতে বসে মহানবী (ﷺ) বলেছিলেন,

إِنَّ اللَّهَ جَعَلَنِي عَبْدًا كَرِيمًا وَلَمْ يَجْعَلْنِي جَبَّارًا عَنِيدًا

“আল্লাহ আমাকে সম্মানিত বান্দা বানিয়েছেন এবং অহংকারী ও উদ্ধত বানাননি।”[4]

(খ) উভয় পায়ের রলাকে খাড়া রেখে উভয় পাছার উপর বসা। মহানবী (ﷺ) এরূপ বসে খেজুর খেয়েছেন।[5]

ডান পা-কে খাড়া রেখে বাম পায়ের উপর বসে খাওয়া চলে।[6] অবশ্য এরূপ বসে খাওয়া সুন্নাত হওয়ার ব্যাপারে বর্ণিত হাদীস সহীহ নয়।

সতর্কতার বিষয় যে, দুই পা-কে গুটিয়ে আড়াআড়িভাবে রেখে হাঁটু ভাঁজ করে (বাবু হয়ে) বসে খাওয়াকেও অনেকে হেলান দিয়ে খাওয়ার মধ্যে গণ্য করেছেন।[7] অবশ্য অসুবিধার কারণে অথবা কাপড় খারাপ হওয়ার ভয়ে সেভাবে বসে খাওয়া হারামও নয়।

ফুটনোট

[1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ১৮২৭৯, বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৩৯৯

[2]. সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩১২২

[3]. আবু দাউদ হা/৩৭৭৪, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩৩৭০, সিলসিলাহ সহীহাহ আল-

মাকতাবাতুশ-শামেলা. হা/২৩৯৪, সহীহ।

[4]. আবু দাউদ হা/৩৭৭৩, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩২৬৩, সহীহ।

[5]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৪৪ প্রমুখ

[6]. ফতহুল বারী ৯/৪৫২

[7]. শারহুন নাওয়াবী ১৩/২২৭

Source — <https://www.hadithbd.com/books/link/?id=6958>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন